ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 68 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২২৪ ● কলকাতা ● ০১ ভাদ্র, ১৪৩২ ● সোমবার ● ১৮ আগস্ট ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 31

## হিমালয়ের সমর্পণ যোগ



সেইজন্য প্রকৃতিকে বোঝবার জন্য এক সাধকের এক বৃক্ষকে বোঝা খুব দরকার। এক বৃক্ষে প্রকৃতির সারা রহস্য লুকিয়ে আছে।

এক ডালের এক সীমা পর্যন্ত নিজের শক্তির আবশ্যকতা আছে আর ঐ নিশ্চিত সীমার পরে শক্তি পরিবেশন করেই তার আনন্দ লাগে। আর ছোট ছোট ডাল ও পাতায় শক্তি বিতরণ করে সে নিজের সম্বন্ধকে বাড়িয়ে নেয়। তার সঙ্গে এত গ্রহণকারী হয়ে যায় অর্থাৎ এত গ্রহণকারী তাকে মাধ্যম রূপে নেয়। আর শত শত ছোট ছোট ডাল আর হাজার হাজার পাতা যে ডালকে মাধ্যম বানিয়ে জীবনশক্তি গ্রহণ করে, বৃক্ষেরও দায়িত্ব হয়ে যায় ডাল পর্যন্ত শক্তি পৌঁছানোর কারণ ঐ ডালের উপর শত শত ছোট ডাল ও হাজার হাজার পাতার জীবন নির্ভর করছে।

ক্রমশঃ

# বাংলায় কবে হবে SIR ? জানালো নির্বাচন কমিশন



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিহারের পর বাংলাতেও হবে SIR? তা নিয়ে চলছে জোর জল্পনা। এই টানাপোড়েনের মাঝে নিজেদের অবস্থান স্পষ্ট করল জাতীয় নির্বাচন কমিশন। রবিবার সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেন, "বাংলায় SIR কবে হবে তা পরে জানানো হবে। ৩ নির্বাচন কমিশনার আলোচনা করার পর সঠিক সময়ে জানানো হবে।"আর তারপর থেকেই বাংলাতেও SIR হবে বলে জল্পনা মাথাচাড়া দিয়েছে। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়-সহ একাধিক নেতা-মন্ত্রী দাবি করেছেন, SIR আসলে NRC, CAA-র নামান্তরমাত্র। এভাবে ভোটার তালিকা থেকে ইচ্ছাকৃতভাবে প্রকৃত ভোটারদের নাম বাদ দেওয়ার চেষ্টা চলছে বলেই অভিযোগ। এক্ষেত্রে নির্বাচন কমিশন

এরপর ৩ পাতায়






# বিহার জুড়তে পথে নামছেন রাহুল গান্ধী



স্টাফ রিপোর্টার, রোজদিন

ভোটার তালিকায় নিবিড় সংশোধন তালিকা নিয়ে সরব হয়েছেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। এবার গণতন্ত্র ও নির্বাচনী অধিকার নিয়ে পথে নামছেন রাহুল গান্ধী। বিহারের বিধানসভা নির্বাচনের আগেই আজ থেকে ভোটার অধিকার যাত্রা শুরু করছেন তিনি। নির্বাচন কমিশনের ভূমিকা নিয়েও সমালোচনা করে কংগ্রেস। পবন খেরা দাবি করেন, বিজেপির সঙ্গে হাত মিলিয়ে এসআইআরের আড়ালে ভোটার তালিকা বদল করে দিচ্ছে নির্বাচন কমিশন। শীর্ষ আদালতের নির্দেশের পর নির্বাচন কমিশন স্ক্রুটিনি করছে।

লোকসভা নির্বাচনের আগে ভারত জোড়ো যাত্রা শুরু করেছিলেন রাহুল গান্ধী।এবার বিহারের বিধানসভা নির্বাচনের আগে 'ভোটার অধিকার যাত্রা' শুরু করছেন।

আজ, ১৭ অগস্ট বিহারের সাসারাম থেকে 'ভোটার অধিকার যাত্রা' শুরু করছেন কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী। বিহারে এসআইআর প্রক্রিয়ার বিরুদ্ধে এবং ভোট চুরির অভিযোগ নিয়েই এই পদযাত্রা শুরু করছেন রাহুল গান্ধী। ১৬ দিনের পদযাত্রায় বিহারের বিভিন্ন অংশে পৌঁছবেন রাহুলরা।

শুধু কংগ্রেস নয়, এই পদযাত্রা আয়োজন করা হয়েছে ইন্ডিয়া জোটের অধীনে। তাই বিরোধী শিবিরের নেতারাও এই পদযাত্রায় অংশ নেবেন রাহুলের সঙ্গে। আরজেডি নেতা তেজস্বী যাদব যোগ দেবেন বলে ইতিমধ্যেই ঘোষণা করা হয়েছে। বাকি বিরোধী নেতারাও পা মেলাতে পারেন।

জানা গিয়েছে, আগামী ১ সেপ্টেম্বর পটনায় বিরাট মিছিলের আয়োজন করা হবে। কংগ্রেসের দাবি, এটা দেশের গণতন্ত্র রক্ষার লড়াইয়ের বিশেষ স্মরণীয় মুহূর্ত হবে।

দিল্লিতে সাংবাদিক বৈঠকে কংগ্রেসের মুখপাত্র পবন খেরা জানিয়েছেন, বিহারে মোট ১৩০০ কিলোমিটার পথ পরিক্রমা করা হবে। মূলত যে জায়গাগুলিতে ভোটারদের নাম বাদ গিয়েছে বলে দাবি, সেখানে পদযাত্রা হবে। তিনি বলেন, "এটা শুধু যাত্রা নয়, এটা জনগণের আন্দোলন। ভোটার অধিকার যাত্রা গণতন্ত্রের মাইলস্টোন হয়ে থাকবে। গরিব, দলিত, পিছিয়ে পড়া শ্রেণি, সংখ্যালঘু মানুষদের কণ্ঠরোধ করার যে ষড়যন্ত্র করা হয়েছে, তার বিরুদ্ধে এই আন্দোলন।"

## নবদ্বীপ পৌরসভার উদ্যোগের জন্মাষ্টমী অনুষ্ঠান



অভিজিৎ সাহা

নবদ্বীপ পৌরসভার উদ্যোগে রাধা বাজার বিবেকানন্দ মুক্ত মঞ্চে জন্মাষ্টমী উৎসবের সূচনা হল ১৫ই আগস্ট শনিবার সন্ধ্যায়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যম দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। উদ্বোধক নবদ্বীপের বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা, পৌর পতি বিমান কৃষ্ণ সাহা, গৌড়ীয় বৈষ্ণব সমাজের মহাসচিব কিশোর কৃষ্ণ গোস্বামী, সহ বিভিন্ন মঠ মন্দিরের বৈষ্ণব ও সাধুরা উপস্থিত ছিলেন। চারদিন ব্যাপী উৎসবে কৃষ্ণলীলা কীর্তন, শ্রীকৃষ্ণের ভজন, বাউল গান এবং লোকসংগীত, শ্যাম ভজন, নৃত্যানুষ্ঠান, সহ নানান সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে ।

# খানাকুলে তৃণমূল বিজেপি সংঘর্ষ থামাতে গিয়ে আহত ২ পুলিশ কর্মী

স্টাফ রিপোর্টার, রোজদিন

**খানাকুল:** তৃণমূল বিজেপি সংঘর্ষে উত্তপ্ত খানাকুল, পরিস্থিতি সামাল দিতে গিয়ে আহত দুই পুলিশ কর্মী, ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী।হুগলি জেলার খানাকুলে তৃণমূল বিজেপি সংঘর্ষে উত্তপ্ত এলাকা ।তৃণমূলের মিছিলে বিজেপির বিরুদ্ধে ইট ছোড়ার অভিযোগ । সোমবার খানাকুল বনধের ডাক দেওয়া হয়েছে।এর দরুন এলাকায় উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়। পুলিশ এসে পরিস্থিতি সামাল দেয়। এলাকায় পুলিশ পিকেটিং বসানো হয়েছে। রাজনৈতিক দলের অভিযোগ পুলিশ নিয়েছে। কারা গোলমালে যুক্ত তাদের চিহ্নিত করতে পুলিশি তদন্ত শুরু হয়েছে।সোমবার



সকাল থেকে গোটা খানাকুল এলাকা জুড়ে প্রচুর পুলিশ রাস্তায় নামছে। যাতে বনধকে কেন্দ্র করে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে। এলাকায় জোর করে যাতে দোকানপাট বন্ধ করা না হয় সেদিকে কড়া নজর রাখবে পুলিশ।তৃণমূলের আরামবাগ সাংগঠনিক জেলা সভাপতি রামেন্দ্র সিংহ রায় অভিযোগ করেছেন ,বিজেপির বিধায়ক সুশান্ত ঘোষের উপস্থিতিতে তৃণমূলের মিছিলে হামলা চালানো হয়েছে এই ঘটনায় একাধিক তৃণমূল কর্মী আহত হয়েছেন।পাল্টা তৃণমূলের বিরুদ্ধে বিজেপির দলীয় কার্যালয়ে ভাঙচুরের অভিযোগ।

ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, খানাকুলের পলাশপাই থেকে নতিবপুর পর্যন্ত বাইক মিছিল করে তৃণমূল। অভিযোগ মিছিল যখন যাচ্ছে সেই সময় বিজেপির দলীয় কার্যালয় থেকে তৃণমূলের মিছিলে ইট ছোড়া হয়। ঘটনার জেরে উত্তপ্ত হয়ে ওঠে এলাকা। ইটের আঘাতে এক পুলিশকর্মীর মাথা ফেটে গিয়েছে।ঘটনার প্রতিবাদ জানিয়ে খানাকুলের রাজহাটিতে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় বিজেপি। বলপাই এলাকায় অবস্থান-বিক্ষোভে বসে তৃণমূল।







(১ম পাতার পর)

# বাংলায় কবে হবে SIR ? জানালো নির্বাচন কমিশন

বিজেপি সরকারের অঙ্গুলিহেলনে কাজ করছে বলেও অভিযোগ। যদিও সে অভিযোগ রবিবার উড়িয়ে দেয় কমিশন। তাদের সাফাই, "কমিশনের ঘাড়ে বন্দুক রেখে SIR নিয়ে ভুল বোঝানোর চেষ্টা চলছে।"বিহারে ভোটার তালিকা সংশোধনের কাজ করছে নির্বাচন কমিশন। যাকে বলা হচ্ছে 'স্পেশাল ইনটেনসিভ রিভিশন'। নির্বাচন কমিশন জানিয়েছে, ২০০৩ সালে বিহারে শেষবার SIR হয়েছিল। বাংলায় শেষবার ২০০২ সালে S I R হয়েছিল। অনুপ্রবেশকারী-সহ অযোগ্য ভোটারদের তালিকা থেকে বাদ দেওয়ার লক্ষ্যে এই পদক্ষেপ করা হচ্ছে বলে জানিয়েছে কমিশন। তারা বলেছে, যাতে শুধুমাত্র যোগ্য ভারতীয় নাগরিকরাই ভোটদানের অধিকার পান সেটা নিশ্চিত করতে এই সংশোধনী। বিহারের পরে এক এক করে অন্যান্য রাজ্যগুলিতে ভোটার তালিকা সংশোধনের কাজ হবে। নজরুল মঞ্চে নদিয়া, দুই ২৪ পরগনা এবং মুর্শিদাবাদ মিলিয়ে শতাধিক ব্লকের বিএলও-দের প্রশিক্ষণ দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে ইতিমধ্যে। আগামী দিনে পর্যায়ক্রমে অন্য B L O -দেরও প্রশিক্ষণ দেওয়া হবে। এটাকে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর প্রাথমিক প্রস্তুতি হিসাবেই দেখছে ওয়াকিবহাল মহল।

# ভারতবর্ষ স্বাধীন হওয়ার তিনদিন পর নদীয়ার স্বাধীনতা দিবস ১৮ই আগস্ট, তখন নাম ছিল নদিয়া জেলা ও নবদ্বীপ

**অভিজিৎ সাহা, নদীয়া**

ভারতবর্ষ স্বাধীন হয় ১৫ই আগস্ট কিন্তু১৮ই আগস্ট স্বাধীন হয় নদিয়া জেলা ও নবদ্বীপ।

১৯৪৭ সালের ১৫ই আগস্ট ভারতবর্ষ স্বাধীন হলেও স্বাধীনতার স্বাদ থেকে বঞ্চিত থাকে নদিয়াবাসী। ১৪ ই আগস্ট রাত ১২টা বাজতেই ইউনিয়ন জ্যাক নামিয়ে, আকাশে ওড়ে স্বাধীন ভারতের জাতীয় পতাকা। ১৫ ই আগস্ট যখন সমগ্র ভারতবর্ষের মানুষ স্বাধীনতা দিবস পালন করছে , তখন নদিয়াবাসী তিনটি বিনিদ্র রাত কাটিয়েছেন "ভারত" না "পাকিস্তান" কোন দেশের অধীন হবেন তারা। সম্পূর্ণ ভারতভুক্তির মাধ্যমে তিনদিন পর ১৮ আগস্ট বর্তমান নদিয়া জেলার মানুষ স্বাধীনতা পেল। স্বাধীন হওয়ার পর প্রথমে জেলার নামকরণ হয়েছিল 'নবদ্বীপ' জেলা। ১৯৪৮ সালের ২৩ ই ফেব্রুয়ারি 'নবদ্বীপ' জেলার নাম পরিবর্তন করে পুনরায় 'নদিয়া' এবং 'নদিয়া' থানার নাম পরিবর্তন করে 'নবদ্বীপ থানা' রাখা হয়।১৯৪৭ সালের ১৮ ই জুলাই ব্রিটিশ পার্লামেন্টে "ভারত স্বাধীনতা আইন, ১৯৪৭" পাশ হয়। এই আইনে ভারত ও পাকিস্তান দু'টি পৃথক দেশ গঠনের জন্য ১৯৪৭ সালের ১৫ ই আগস্ট দিনটিকে সুনির্দিষ্ট ভাবে নির্ধারণ করে দেওয়া হয়। স্যার সিরিল র‍্যাডক্লিফকে চেয়ারম্যান করে, পাঁচজনের বেঙ্গল বাউন্ডারি কমিশন গঠন করা হয়। র‍্যাডক্লিফ ছাড়া কমিশনের বাকি চারজনই বিচারপতি । জাস্টিস বিজনকুমার মুখোপাধ্যায়, সিসি বিশ্বাস, আবু সালেহ মহম্মদ আক্রম এবং এস এ রহমান। ১৯৪৭ সালের ১৮ ই জুলাই থেকে ১২ ই আগস্ট মাত্র ২৫ দিন কার্যকরী সময়ের মধ্যে অতি দ্রুততার সঙ্গে তাঁদের কাজ করতে হয়।

র‍্যাডক্লিফের রোয়েদাদ অর্থাৎ র‍্যাডক্লিফ তাঁর রোয়েদাদে যে সিদ্ধান্ত জানিয়ে মানচিত্র উপস্থাপন করেছিলেন সে সম্পর্কে অনেকেই ওয়াকিবহাল ছিলেন। কিন্তু সেই সময়ে বর্তমান কালের মতো শক্তিশালী গণমাধ্যমের অস্তিত্ব ছিলনা। এই সুযোগকে কাজে লাগিয়ে মুসলিম লীগ ১৫ ই আগস্ট সকাল থেকে বনগাঁ সহ চার জেলায় পাকিস্তানের পতাকা তুলে সভা-সমাবেশ করে মানুষকে বিভ্রান্ত করে স্বাধীনতার আনন্দ-উৎসবে মেতে ওঠেন। মুসলিম লীগের পাকিস্তানের পতাকা উত্তোলন ও সভা-সমাবেশে সাধারণ মানুষ সহ বহু কংগ্রেস নেতা নেত্রীও বিভ্রান্তির শিকার হন। এই সময় নদীয়া জেলার সক্রিয় কংগ্রেস নেতাদের মধ্যে ছিলেন, তারকদাস বন্দ্যোপাধ্যায়, স্মরজিত বন্দ্যোপাধ্যায়, জগন্নাথ মজুমদার, শংকর দাস বন্দ্যোপাধ্যায়, বিজয়লাল চট্টোপাধ্যায়, নৃসিংহপ্রসাদ সরকার, প্রফুল্ল ভট্টাচার্য, রনজিৎ পালচৌধুরি, হরিপদ চট্টোপাধ্যায়, পন্ডিত লক্ষ্মীকান্ত মৈত্র প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গ।স্বাধীনতার প্রাক্কালে অবিভক্ত নদিয়ার মহকুমা ছিল পাঁচটি। কৃষ্ণনগর সদর মহকুমা, মেহেরপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, রানাঘাট। ১৯৪৭ সালের ১২ ই আগস্ট রাতে রেডিওতে ঘোষণা হয়, ভারতবর্ষকে স্বাধীনরাষ্ট্র হিসাবে ঘোষণা করা হবে এবং নদিয়া জেলা পূর্ব পাকিস্তানের মধ্যে পড়েছে। ভারতপন্থী রাজনৈতিক নেতাদের পাশাপাশি নদিয়ার মহারানী জ্যোতির্ময়ী দেবী, মুর্শিদাবাদের রানী স্বর্ণময়ী দেবী সহ নানাস্তরের সামাজিক ব্যক্তিত্বরা মাউন্টব্যাটন সহ ব্রিটিশ প্রশাসকদের কাছে বনগাঁ সহ নদিয়া, মুর্শিদাবাদ, মালদহ, দিনাজপুর জেলার ভারতভুক্তির জোরালো দাবি তুলে ধরেন। ১৯৪৭ সালের ১৫ ই আগস্ট চক্রবর্তী রাজা গোপালচারী গভর্নর অব বেঙ্গল পদে আসীন হন। তাঁর কাছে দরবার করতে, কলকাতা

এরপর 5 পাতায়

# জলাশয়ে স্নান করতে গিয়ে প্রাণ হারাল দুই নাবালক স্কুল পড়ুয়া

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

ঝাড়গ্রাম জেলার ঝাড়গ্রাম ব্লকের বৃন্দাবনপুর গ্রামে জলাশয়ে স্নান করতে গিয়ে প্রাণ হারাল দুই নাবালক স্কুল পড়ুয়া। মৃতদের নাম অমি দাস (১২) ও অংকন মাহাতো (১৩)। রবিবার দুপুরে এই মর্মান্তিক ঘটনা ঘটে। অমি দাস ঝাড়গ্রামের সত্যবানপল্লির বাসিন্দা। অংকন মাহাতোর বাড়ি বিড়িহাঁড়ি গ্রামে হলেও তিনি থাকতেন সত্যবানপল্লিতেই। পুলিশ সূত্রে জানা গিয়েছে, রবিবার দুপুরে তারা একসাথে বৃন্দাবনপুরের এক জলাশয়ে স্নান করতে যায়। হঠাৎই গভীর জলে তলিয়ে যায় দুই কিশোর। পাশের ধানক্ষেতে কাজ করছিলেন কয়েকজন কৃষক। তারা দ্রুত ছুটে এসে জলাশয়ে ঝাঁপ দিয়ে তাদের উদ্ধারের চেষ্টা করেন। পরে স্থানীয়রা অমি ও অংকনকে ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যান। কিন্তু চিকিৎসকেরা তাদের মৃত বলে ঘোষণা করেন।

ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় নেমে আসে শোকের ছায়া। প্রতিবেশীদের কথায়, অমি ও অংকন পড়াশোনায় ভালো এবং সবসময় হাসিখুশি ছিল। তাদের অকাল মৃত্যুতে গোটা সত্যবানপল্লি ও আশপাশের গ্রামে শোকস্তব্ধ পরিবেশ। পুলিশের প্রাথমিক অনুমান, সাঁতার না জানার কারণেই দুর্ঘটনা ঘটেছে। জলাশয়ের গভীরতা সম্পর্কে অবগত না থাকায় এই মর্মান্তিক ঘটনা ঘটে। এদিকে ঝাড়গ্রাম থানার পক্ষ থেকে নিয়মিত মাইকিং করে সতর্কবার্তা দেওয়া হচ্ছে— নদী, খাল, বিল, ডোবা বা জলাশয়ে স্নান না করা, ঝুঁকিপূর্ণ বাঁশের সেতু দিয়ে যানবাহন না চালানো এবং বাচ্চাদের একা জলাশয়ের কাছাকাছি যেতে না দেওয়ার জন্য।

## সম্পাদকীয়

# রাজ্যের অসহযোগিতায় চতুর্থ মেট্রো পরিষেবার উদ্বোধন আটকে গেল

উদ্বোধনের আগেই বিস্ফোরক মেট্রো জেনারেল ম্যানেজার। রাজ্যের অসহযোগিতায় চতুর্থ মেট্রো পরিষেবার প্রকল্পের উদ্বোধন আটকে গেল, দাবি মেট্রো কর্তার। ফের সুর চড়ালেন চিংড়িহাটা নিয়ে। আগামী ২২ অগস্ট কলকাতা এবং শহরতলির তিনটি গুরুত্বপূর্ণ মেট্রো প্রকল্পের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী।

এর আগেও বারবার রেলমন্ত্রী কলকাতায় এসে রাজ্য সরকারের অসহযোগিতা নিয়ে সরব হয়েছেন। এমনকি রেল বোর্ডের তরফে এও বলা হয়েছে, গোটা দেশে মেট্রো প্রকল্প করতে যে সময় বেঁধে দেওয়া হয়, তার মধ্যেই কাজ শেষ হয়। একমাত্র পশ্চিমবঙ্গে বেঁধে যাওয়ার সময়ের থেকে বছরখানেক দেরিতে যেকোনো প্রকল্প শেষ হয়। যে কারণে নতুন কোন প্রকল্প এই রাজ্যের জন্য বরাদ্দ করতে গেলে অনেক আলোচনা করতে হয়। প্রধানমন্ত্রী নিজে মেট্রো প্রকল্পের উদ্বোধন করতে এসে সেই অসহযোগিতার বিষয়টি আবার তুলে ধরেন কিনা তার দিকেই তাকিয়ে রয়েছে প্রশাসনিক মহল।নোয়াপাড়া-কলকাতা বিমানবন্দর, শিয়ালদহ-এসপ্ল্যানেড সংযুক্তিকরণ এবং রুবি বা হেমন্ত মুখোপাধ্যায় স্টেশন-বেলেঘাটা স্টেশন মেট্রো পরিষেবার উদ্বোধন হবে তাঁর হাত দিয়ে। কিন্তু তার আগেই রীতিমতো বিস্ফোরক কলকাতা মেট্রোর জেনারেল ম্যানেজার পি উদয় কুমার রেড্ডি।

উদয়বাবু বলছেন, শুধু এই তিনটি প্রকল্প নয়, আরও ১৩ কিলোমিটার পরিষেবার উদ্বোধন হতে পারত প্রধানমন্ত্রীর হাত দিয়ে। কিন্তু শুধুমাত্র রাজ্যের অসহযোগিতার জন্য সেই ১৩ কিলোমিটার অংশের উদ্বোধন হচ্ছে না। রাজ্য না জমি দেওয়ার ক্ষেত্রে বারবার অসহযোগিতা করেছে বলে মেট্রো জেনারেল ম্যানেজার অভিযোগ করেছেন। তা নিয়ে চাপানউতোরও চলছে পুরোদমে। কিন্তু এবার ফের একই অভিযোগে সরব হলেন একেবারে মোদী আগমণের প্রাক্কালে।

প্রধানমন্ত্রী নিজে মেট্রো প্রকল্পের উদ্বোধনে কলকাতায় আসছেন। সেখানে আবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেও আমন্ত্রণ জানানো হয়েছে রেলমন্ত্রীর চিঠির দ্বারা। এই অবস্থায় খোদ জেনারেল ম্যানেজারের আক্ষেপ, চিংড়িঘাটার মাত্র ৩৬৬ মিটার এবং নব দিগন্ত থেকে সিটি সেন্টার পর্যন্ত মেট্রো প্রকল্পের জন্য যে জমি প্রয়োজন ছিল তা বারবার আবেদন করা হলেও রাজ্য দেয়নি। এই জমিটুকু যদি পাওয়া যেত তাহলে এই অংশের কাজ শেষ হয়ে কবি সুভাষ-জয়হিন্দ মেট্রো স্টেশন বা কলকাতা বিমান বন্দর মেট্রো করিডরের অনেকটা অংশেরই উদ্বোধন করা সম্ভব হত।

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(বাইশতম পর্ব)



নারীকে পূজা দিতে রাজী হন না। উল্টা মনসাকে লাঠি নিয়ে তাড়া করে। যেকারণে মনসার রোষে চাঁদের চম্পকনগরে সাপের উপদ্রুব শুরু হয়। একে একে চাঁদের ছয় সন্তান মারা যায়। বাণিজ্যের নৌকা ডুবে গেলে চাঁদ সব হারিয়ে সর্বশান্ত হয়। তারপরও মনসার পূজাতে রাজী হয় না সে। অন্যদিকে চাঁদের বউ সনকা মনসার ভক্ত। মনসার বরে সে এক পুত্র জন্ম দেয়। নাম লখিন্দর। যদি চাঁদ মনসার পূজা না দেয় তবে লখিন্দর বাসর ঘরে সাপের কামড়ে মারা যাবে। এসব জেনেও চাঁদ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# মেলায় জুয়ার আসর চালানোর অভিযোগে গ্রেফতার ২

অরূপ ঘোষ, ঝাড়গ্রাম

ঝাড়গ্রাম জেলার নয়াগ্রাম ব্লকের খড়িকামাথানী শ্রাবণী মেলা কমিটির আয়োজিত মেলায় জুয়ার আসর বসানোর অভিযোগে দু'জনকে গ্রেফতার করলো নয়াগ্রাম থানার পুলিশ। শনিবার রাতে খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছে পুলিশ অভিযুক্তদের গ্রেফতার করে। গ্রেফতার হওয়া দু'জনের নাম পি. কল্যাণ ও জিয়াবুল কাজী। তাঁরা পশ্চিম মেদিনীপুর জেলার বাসিন্দা। পুলিশ জানিয়েছে, জুয়ার আসর থেকে বেশ কিছু জুয়া খেলার সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। পাশাপাশি,গোটা ঘটনার তদন্ত শুরু করেছে নয়াগ্রাম থানার পুলিশ। কে বা কারা এই কাজে আরও যুক্ত রয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে। গোপীবল্লভপুরের এসডিপিও পারভেজ সরফরাজ বলেন, মেলায় জুয়ার আসর চালানোর অভিযোগে পুলিশ খবর পাওয়া মাত্র দুজনকে গ্রেফতার করেছে। তাদের থেকে বাজেয়াপ্ত করা হয়েছে বেশ কিছু জুয়া খেলার সামগ্রী। এলাকার মানুষজন জানান, পুলিশের এই তৎপরতায় তাঁরা খুবই খুশি।পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকার সমস্ত স্তরের মানুষজন।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ডাকের সঙ্গে ডঙ্কের সম্পর্কের প্রমাণ হিসেবে সুকুমার সেন লক্ষ্য করেছেন যে মধ্যবঙ্গে সাপের বিষের ওঝাকে ডঙ্ক বলা হয় (৩:১৯০)। যাই হোক, ডাকিনী, মাতৃগণ এবং বৈষ্ণবধর্মের এই সম্পর্ক চিত্তাকর্ষক, কিন্তু এ নিয়ে বিস্তারিত আলোচনার জায়গা এটা নয়।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(৩ পাতার পর)

# ভারতবর্ষ স্বাধীন হওয়ার তিনদিন পর নদীয়ার স্বাধীনতা দিবস ১৮ই আগস্ট, তখন নাম ছিল নদিয়া জেলা ও নবদ্বীপ

থেকে দিল্লী প্রশাসনিক চিঠি আদান প্রদানের পর, ১৯৪৭ সালের ১৭ আগস্ট বিজ্ঞপ্তি জারি করে বনগাঁ সহ চারটি জেলার অবস্থান পরিষ্কার করে দেওয়া হয় ১৯৪৭ সালের ১৭ ই আগস্ট বিজ্ঞপ্তি নম্বর ৫৮ জি এ বলে ১৮৯৮ সালের আগের সমস্ত বিজ্ঞপ্তি বাতিল করে, র‍্যাডক্লিফের রোয়েদাদ অনুকরণে 'নবদ্বীপ' জেলা গঠনের কথা ঘোষণা করা হয়। সে সময়ে নবদ্বীপ' জেলার অধীনে কৃষ্ণনগর সদর মহকুমা ও রানাঘাট মহকুমা অন্তর্ভুক্ত হয়। ঐ দু'টি মহকুমার অধীনে কৃষ্ণনগর, কোতয়ালী, চাপড়া, কালীগঞ্জ, নদিয়া, নাকাশিপাড়া, কৃষ্ণগঞ্জ, করিমপুর, তেহট্ট, রানাঘাট, শান্তিপুর, চাকদহ, হরিনঘাটা, হাঁসখালী থানা এলাকা অন্তর্ভুক্ত করা হয়। ১৯৪৭ সালের ১৭ ই আগস্ট সরকারি বিজ্ঞপ্তির কথা সংবাদ রেডিওতে ঘোষণা করা হয়। ১৮ আগস্ট সংবাদপত্রের শিরোনাম – 'নদিয়ার' রানাঘাট ও কৃষ্ণনগর ভারতভুক্তি হল। কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা পাকিস্তানের'। ১৯৪৭ সালের ১৮ ই আগস্ট নবদ্বীপ সহ জেলার সর্বত্র বিজয় মিছিল হয়। চাকদহে নেতৃত্ব দেন, নাদু মিঞা। পুরসভা সংলগ্ন বসন্ত স্মৃতি পাঠাগারের সামনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। কৃষ্ণনগর পাবলিক লাইব্রেরি মাঠ ও টাউন হলে, কবি দ্বিজেন্দ্রলাল রায়ের 'যেদিন সুনীল জলধি' সমবেত সঙ্গীত পরিবেশন করেন, শ্রীরামকৃষ্ণ পাঠাগারের শিল্পীরা। পলাশী এলাকায় রাজনৈতিক উত্তেজনা থাকায় ২০ ই আগস্ট তারকদাস বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে , পলাশী বাজার থেকে জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে হাজার হাজার মানুষ মিছিল সহযোগে পলাশী মনুমেন্টে পৌঁছে সভা করেন এবং শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ভারতের জাতীয় পতাকা উত্তোলন করেন। প্রবীণ সাহিত্যিক সুধীর চক্রবর্তী নবদ্বীপের একটি আলোচনা সভার প্রাক্কালে কথা প্রসঙ্গে বলেন, সে সময় আমি সপ্তম শ্রেণীর ছাত্র ছিলাম। ১৭ইআগস্ট খাওয়া-দাওয়া সেরে ঘুমিয়ে পড়েছি। হঠাৎ মাঝরাতে চিৎকার চেঁচামেচিতে ঘুম ভেঙে যায়। জানালা খুলে দেখি লরি ভর্তি করে ও পায়ে হেঁটে স্থানীয় মানুষ আনন্দে রাস্তায় নেমে পড়েছেন। তিনদিন পাকিস্তানে থাকার পর, পাবলিক লাইব্রেরির মাঠে ওঠে চরকা চিহ্ন যুক্ত তেরঙা ভারতের পতাকা। ফলে মুসলিম লীগ কর্তৃক র‍্যাডক্লিফের রোয়েদাদের সীমানা নির্দেশক মানচিত্রের অপব্যাখ্যার ফলে নদিয়ার ভারতভুক্তি হয় ১৯৪৭ সালের ১৮ ই আগস্ট 'নবদ্বীপ' জেলা হিসাবে।১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারির বিজ্ঞপ্তি নম্বর ৫৪৫ জিএ অনুযায়ী 'নবদ্বীপ' জেলার নাম পরিবর্তন করে 'নদিয়া' জেলা রাখা হয়। ঐ দিনই বিজ্ঞপ্তি নম্বর ৫৪৬ জিএ 'নদিয়া' থানার নাম পরিবর্তন করে 'নবদ্বীপ' থানা রাখা হয়।

আজও ১৮ ই আগস্ট নদীয়ার বিভিন্ন জায়গায় জাতীয় পতাকা উত্তোলন করে মর্যাদার শহীত নদীয়ার স্বাধীনতা দিবস পালন করা হয়।

## আমগুড়ি প্রাচীন বসুনিয়া বাড়ি দুর্গাপূজার শুরু হলো, জন্মাষ্টমীর কাঁদা খেলার মধ্য দিয়ে



সুকুমার বিশ্বাস, জলপাইগুড়ি

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের আমগুড়ি প্রাচীন বসুনিয়ার বাড়ি দুর্গাপূজা শুভ সূচনা হলো, শ্রীকৃষ্ণের জন্মাষ্টমীর পরের দিন দধি কাঁদা খেলার মধ্যে দিয়ে দূর্গা পূজার শুরু। বসুনিয়া পরিবার জানান, জন্মাষ্টমীর পরের দিন দধি খেলা হয় বা কাঁদো খেলা হয়ে থাকে সেই কাঁদা দিয়ে দূর্গা মায়ের প্রতিমা তৈরি করা হয়। এবং এই বসুনিয়া বাড়ির জন্মাষ্টমী পরদিন থেকেই এক কথায় বলা যায় পূজা শুরু হয়ে যায়। দূর্গাপূজার বসুনিয়া পরিবারের বহু প্রাচীন তাদের পরিবারের সদস্যের কাছ থেকে জানা যায়। এই বসুনিয়া পরিবার কোচবিহার রাজ আমলের কর্মরত ছিলেন। রাজার থেকে বিতাড়িত হয়ে ফালাকাটা হয়ে বর্তমানের পার্শ্ববর্তী দেশ রংপুর জেলার হয়ে জলপাইগুড়িতে প্রবেশ করে। জলপাইগুড়ির ময়নাগুড়ি ব্লকের আমগুড়ি চাপগড় পরগনায় বসবাস শুরু করতে থাকে। বসুনিয়া পরিবার ব্যবসার সূত্রে আমগুড়িতে বসবাস করতে থাকে। তখনকার সময় বাঘ,হাতি যন্ত্র জানোয়ারের আতর ঘর বলা

এরপর ৬ পাতায়


### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Ranbhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)


প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সম্বা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# নিউইয়র্কে রেস্তরাঁয় ফের বন্দুকবাজের হামলায় মৃত ৩

স্টাফ রিপোর্টার, রোজদিন




রবিবার সকালে নিউইয়র্কের ব্রুকলিন নামের এক রেস্তরাঁয় এলোপাথাড়ি গুলি চালাল আততায়ীরা। মর্মান্তিক সেই ঘটনায় মৃত্যু হয়েছে ৩ জনের। পাশাপাশি আহত হয়েছেন আরও ৮ জন। হামলাকারীদের দলে ছিল একাধিক দুষ্কৃতী। বেলাগাম গুলি চালানোর পর চম্পট দেয় তারা।উল্লেখ্য, আমেরিকার মাটিতে বন্দুকবাজের হামলা এই প্রথম নয়, এর আগে টেক্সাসের অস্টিন শহরে এক দোকানের সামনে হামলা চালিয়েছিল এক বন্দুকবাজ। সেই হামলায় মৃত্যু হয় ৩ জনের। তার আগে ১৩ জুলাই রবিবার কেন্টাকির একটি চার্চে ঢুকে এলোপাথাড়ি গুলি চালায় বন্দুকবাজ। বন্দুকবাজের হামলায় নিহত হন দু'জন। এক পুলিশ আধিকারিক-সহ আরও বেশ কয়েকজন গুরুতর আহত হন। লাগাতার এহেন হামলার ঘটনায় স্বাভাবিকভাবেই প্রশ্নের মুখে নিরাপত্তা।

গোটা ঘটনার তদন্ত শুরু করেছে মার্কিন পুলিশ। হামলাকারীদের ধরতে শুরু হয়েছে তল্লাশি।

স্থানীয়দের তরফে জানা যাচ্ছে, রবিবার ভোর সাড়ে ৩টে নাগাদ অজ্ঞাতপরিচয় বন্দুকধারী এই হামলা চালায়। হঠাৎ রেস্তরাঁয় ঢুকে এলোপাথাড়ি গুলি চালাতে শুরু করে তারা। গুলিতে যে তিনজনের মৃত্যু হয়েছে তাঁদের এক জনের বয়স ২৭, অন্যজনের ৩৫। তৃতীয় ব্যক্তির পরিচয় এখনও স্পষ্ট নয়। পাশাপাশি যারা আহত হয়েছেন তাঁদের বয়স ২৭ থেকে ৬১ বছরের মধ্যে। সকলকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে পুলিশ।নিউইয়র্কের পুলিশ কমিশনার জেসিকা টিসচ জানান, "৯১১ এমারজেন্সি নম্বরে অল্প সময়ের মধ্যে একাধিক ফোন পেয়ে সঙ্গে সঙ্গে দুর্ঘটনাস্থলে যায় পুলিশ। যদিও ততক্ষণে হামলা চালিয়ে এলাকা ছেড়েছে আততায়ীরা। হামলাকারীদের এখনও শনাক্ত করা যায়নি। তবে এলাকাজুড়ে শুরু হয়েছে তল্লাশি অভিযান। ঘটনাস্থল থেকে ৩৬টি গুলির খোল উদ্ধার করা হয়েছে। যে ঘটনা ঘটেছে তা ভয়াবহ। আমরা গোটা বিষয়টি তদন্ত করে দেখছি।"

## আমগুড়ি প্রাচীন বসুনিয়া বাড়ি দূর্গাপূজার শুরু হলো, জন্মাষ্টমীর কাঁদা খেলার মধ্য দিয়ে

হতো।আমগুড়ি চাপগড় পরগণাকে বাঘ,হাতি আবাদি ফসল প্রায় ই নষ্ট করে দিত। এবং ব্যবসার উন্নতির জন্য বসুনিয়া পরিবার শরণাপন্ন মা দুর্গার। ১৮ ১০ সালে। আমগুড়ি চাপগড় পরগনায় গভীর জঙ্গল এলাকায় বসবাস শুরু করতে থাকে বসুনিয়া পরিবার তখন থেকেই শুরু হয়েছে দুর্গা পূজার। পূজার প্রথম শুরু করে বসুনিয়া পরিবারের বংশধর ধনবর বসুনিয়া। সেই দিন থেকে আজও বসুনিয়ার বাড়ির দুর্গাপূজা হয়ে আসছে। বর্তমানে বসুনিয়া বাড়ির দুর্গাপূজা করে আসেন সুনীল কুমার বসুনিয়া। এই দুর্গাপূজাকে ঘিরে বা পূজা দেখতে দূর দূরান্ত থেকে প্রচুর ভক্তগণ উপস্থিত হন। জ্ঞানীগুণী কবি সাহিত্য ও লেখক শিল্পী দুর্গাপূজার অষ্টমী বা নবমীর দিন সাংস্কৃতিক সন্ধ্যার আসর বসে। দুর্গাপূজার বিশেষ মাহাত্ম্য হলো প্রতিমার গঠন আকার মাঙ্গলিক ছাপ নির্দশন রয়েছে। বর্তমানে কালকক্রমে রাজবংশী সমাজের গঠন আকার চেহারার চিত্র তুলে ধরা হয়েছে। বসুনিয়া বাড়ির এই দুর্গাপূজাকে ঘিরে আমগুড়ির সমস্ত স্তরের মানুষ উৎসবের মেতে ওঠে। বিশেষ করে এই দুর্গাপূজা কোচবিহার রাজ আমল থেকে শুরু হয়েছে। প্রাচীন এই দুর্গাপূজায় ঘিরে উৎসবের আনন্দে মেতে ওঠে গ্রামের সর্বস্তরের মানুষ।

## অসুস্থ ওড়িশার প্রাক্তন মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক, হাসপাতালে ভর্তি হওয়ায় উদ্বেগে সমর্থকরা



স্টাফ রিপোর্টার, রোজদিন

অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলেন ওড়িশার প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিজু জনতা দলের (বিজেডি) প্রধান নবীন পট্টনায়েক। রবিবার হঠাৎ শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। দলের তরফে জানানো হয়েছে, বার্ধক্যজনিত অসুস্থতার কারণেই তাঁকে ভর্তি করা হয়েছে।

৭৮ বছর বয়সি নবীন পট্টনায়েক বহু বছর ধরেই নানা শারীরিক সমস্যায় ভুগছেন। কয়েক বছর ধরেই তিনি সক্রিয় রাজনীতি থেকে ধীরে ধীরে নিজেকে গুটিয়ে নিচ্ছেন। এবার হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হওয়ায় তাঁর শুভানুধ্যায়ীদের মধ্যে উদ্বেগ ছড়িয়েছে।

বিজেডির এক শীর্ষ নেতা সর্বভারতীয় এক সংবাদসংস্থাকে জানিয়েছেন, খুব শিগগিরই হাসপাতাল কর্তৃপক্ষ নবীনবাবুর শারীরিক অবস্থা সম্পর্কে বুলেটিন প্রকাশ করবে।

দলের তরফে আরও জানানো হয়েছে, শনিবার রাতেই তিনি অসুস্থ বোধ করতে শুরু করেন। ব্যক্তিগত চিকিৎসকের প্রাথমিক চিকিৎসার পর পরামর্শ অনুযায়ী রবিবার বিকেল ৫টার দিকে তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। তবে ঠিক কী কারণে ভর্তি করতে হল, তা স্পষ্টভাবে জানা যায়নি।

উল্লেখ্য, এর আগে গত ২২ জুন মুম্বইয়ের একটি হাসপাতালে সার্ভিকাল আর্থ্রাইটিসজনিত কারণে তাঁর মেরুদণ্ডের অস্ত্রোপচার করা হয়। সফল অস্ত্রোপচারের পর ১২ জুলাই তিনি ওড়িশায় ফিরে আসেন। ভুবনেশ্বরে ফেরার পর তাঁকে স্বাগত জানাতে বিজেডি নেতারা ও হাজার হাজার সমর্থক রাস্তায় ভিড় জমান। তখন 'জয় জগন্নাথ' স্লোগানে মুখরিত হয়েছিল গোটা শহর।

তবে আবার অসুস্থ হয়ে হাসপাতাল ভর্তি হওয়ার খবরে নবীন পট্টনায়েককে নিয়ে নতুন করে চিন্তায় পড়েছেন বিজেডি কর্মী-সমর্থকরা।

# সিনেমার খবর

## ধনুষের সঙ্গে প্রেমের গুঞ্জন, মুখ খুললেন মৃণাল

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



আচমকাই গুঞ্জন রটিয়েছে যে, দক্ষিণী সুপারস্টার ধনুষ নাকি প্রেম করছেন অভিনেত্রী মৃণাল ঠাকুরের সঙ্গে। এমনকি তাদের দুজনের একসঙ্গে বেশ কিছু ভিডিও ভাইরাল হয়েছে। তবে এই নিয়ে ধনুষ আপাতত কিছু না বললেও সোশ্যাল মিডিয়ায় মৃণাল স্পষ্ট না বলে হেঁয়ালি করে বুঝিয়ে দিলেন, যে তিনি প্রেমে আছেন কী নেই!

ব্যাপারটা একটু বিশদে বলা যাক। সম্প্রতি মৃণাল তার ইনস্টাগ্রামে একটি ভিডিও পোস্ট করেছেন। যেখানে তিনি বলেছেন, আপাতত আমার পুরো নজর রয়েছে আমার ক্যারিয়ারে। অন্য কিছু ভাবার সময় নেই। আর কিছু ব্যক্তিগত ব্যাপারও রয়েছে, যা কিনা আপাতত ব্যক্তিগতই রাখতে চাই। কারণ, এখনো তা প্রকাশ করার মতো সময় আসেনি। এখন আমার ক্যারিয়ারটাই মুখ্য। তাই এ ব্যাপারেই কথা বলতে চাই।

মৃণালের এই মন্তব্যেই নতুন করে গুঞ্জনের সন্ধান পেয়েছেন নিন্দুকরা। অনেকেই মনে করছেন, তার ব্যক্তিগত বিষয়টিই হল, ধনুষের সঙ্গে প্রেম!

**কীভাবে রটল এই গোপন প্রেমের গল্প?**

সম্প্রতি মৃণালের তারকা খচিত জন্মদিনে হাজির হয়েছিলেন ধনুষ। আর সেখানেই ধনুষকে মৃণালের সঙ্গে হাত ধরে ঘনিষ্ঠ অবস্থায় দেখা গেছে। আর তা থেকেই রটেছে এই প্রেমের খবর। তবে এখানেই শেষ নয়, মৃণালের সন অব সর্দার-এর প্রিমিয়ারেও মুম্বাই পৌঁছেছিলেন ধনুষ। দক্ষিণী নায়কের এসব দেখেই গুঞ্জনপাড়া মনে করছে, ধনুষ আর মৃণাল দুজনেই প্রেমে হাবুডুবু খাচ্ছেন। ২০২২ সালে স্ত্রী ঐশ্বর্যা রজনীকান্তের সঙ্গে বিচ্ছেদ হয় ধনুষের। দীর্ঘ ১৮ বছর তারা বিবাহিত ছিলেন। এই বিচ্ছেদের পরই এবার নতুন সম্পর্কে ধনুষ!

## দেবের সঙ্গে শুভশ্রী, রাজকে প্রাক্তন স্ত্রীর খোঁচা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



দীর্ঘদিন পর বড় পর্দায় ফিরছেন দেব ও শুভশ্রী গাঙ্গুলী। তাঁদের নতুন ছবি ‘ধূমকেতু’-র ট্রেলার মুক্তির পর থেকেই উত্তেজনায় টলিপাড়া। এই আইকনিক জুটিকে আবার একসঙ্গে দেখতে মুখিয়ে রয়েছেন দর্শকরা। তবে এই সিনেমা ঘিরে আলোচনায় উঠে এসেছেন পরিচালক রাজ চক্রবর্তী।

দেব-শুভশ্রীর পুরনো রসায়নের মাঝে হঠাৎ করেই আলোচনার কেন্দ্রে চলে এসেছেন রাজের প্রাক্তন স্ত্রী শতাব্দী মিত্র। শুভশ্রীর সিনেমার ট্রেলার মুক্তির ঠিক পরের সন্ধ্যায় শতাব্দীর একটি সোশ্যাল মিডিয়া পোস্ট নতুন করে জল্পনা সৃষ্টি করেছে।


শতাব্দী লিখেছেন, 'কিরে, কেমন লাগছে? আমারও ঠিক এরকমই লেগেছিল, ঠিক এইরকমই। বুঝলি তো? হিসট্রি রিপিটস। বুকের বাঁদিকটা চিনচিন করছে তো! আমারও করেছিল, ঠিক তেরো বছর আগে।'

তিনি আরও লেখেন,'আজ তুই যে জায়গায় দাঁড়িয়ে, আমি অনেক আগেই হেঁটেছি সেই পথ ধরে। তোর এই বুকের বাঁদিকের চিনচিনে ব্যথা। আমারও খুব চেনা, ঠিক একই পথ ধরে।'

যদিও শতাব্দী কারও নাম উল্লেখ করেননি, তবে তাঁর ইঙ্গিত যে রাজ চক্রবর্তীর দিকেই, তা নিয়ে বিন্দুমাত্র সন্দেহ নেই টলিউডে। একসময় রাজের ক্যারিয়ারের শুরুতে শতাব্দীই ছিলেন তাঁর পাশে। পরবর্তীতে রাজের জীবনে আসে একাধিক সম্পর্কের গুঞ্জন। এরপর বিচ্ছেদ ঘটে শতাব্দীর সঙ্গে।

পরবর্তীতে শুভশ্রীর সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন রাজ। এখন তাঁদের সংসার সুখেই চলছে। একমাত্র সন্তানকে নিয়ে রাজ ও শুভশ্রী সম্প্রতি ছুটি কাটাতে বেরিয়েছেন।

## আয়োজকদের বিরুদ্ধে হেনস্থার অভিযোগ ভারতীয় অভিনেত্রী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতীয় টেলিভিশনের জনপ্রিয় অভিনেত্রী সারা খান সম্প্রতি দিল্লির একটি অনুষ্ঠানে অংশ নিতে গিয়ে চরম দুর্ব্যবহারের শিকার হয়েছেন বলে অভিযোগ করেছেন। সামাজিক মাধ্যমে শেয়ার করা এক ভিডিও বার্তায় আয়োজকদের বিরুদ্ধে মানসিক হেনস্তা, নিরাপত্তাহীনতা এবং প্রতিশ্রুতি ভঙ্গের অভিযোগ তোলেন তিনি।

সারা বলেন, 'প্রায় ১৮ বছর ধরে ইন্ডাস্ট্রিতে কাজ করছি, কিন্তু এমন অমানবিক অভিজ্ঞতা কখনও হয়নি। ২ আগস্ট দিল্লির একটি অনুষ্ঠানে অংশ নিতে গিয়েছিলাম, কিন্তু আয়োজকরা আমাকে নিরাপত্তা তো দেয়ইনি, বরং অজানা একটি হোটেলে না জানিয়ে রেখে দেয়।'

তিনি জানান, অনুষ্ঠানের আয়োজকরা না জানিয়ে হোটেল পরিবর্তন করে তাকে একটি অপরিচিত জায়গায় রাখেন, যেখানে কারও কাছ থেকে কোনও সাহায্য পাননি। শুধু একটি গাড়ি ও ড্রাইভার দেওয়া হয়, যা তাঁর একেবারেই পছন্দ ছিল না। পরে যখন তিনি ওই অবস্থায় অনুষ্ঠান করতে অস্বীকার করেন, তখন আয়োজকরা তাঁর টিমকে হুমকি দিতে শুরু করে।

এই পরিস্থিতিতে বাধ্য হয়ে নিজ উদ্যোগে ফ্লাইট বুক করে সেখান থেকে ফিরে আসেন সারা এবং নিজের ও টিমের নিরাপত্তায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন।

অনুষ্ঠানে উপস্থিত থাকা ভক্তদের উদ্দেশে দুঃখ প্রকাশ করে সারা বলেন, 'অনুষ্ঠানে যারা আমার জন্য অপেক্ষা করছিলেন, তাদের কাছে আমি আন্তরিকভাবে ক্ষমা চাইছি। আমি সত্যিই খুব দুঃখিত।'

# লিভারপুল থেকে আল হিলালে যোগ দিচ্ছেন স্ট্রাইকার নুনেজ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

লিভারপুল থেকে স্ট্রাইকার ডারউইন নুনেজকে দলে নিতে সম্মত হয়েছে সৌদি পেশাদার লিগের ক্লাব আল হিলাল।

২০২২ সালের গ্রীষ্মে ৬৪ মিলিয়ন পাউন্ডে বেনফিকা থেকে লিভারপুলে যোগ দিয়েছিলেন উরুগুইয়ান নুনেজ। তিন মৌসুমে ১৪৩ ম্যাচে তিনি গোল করেছেন ৪০টি। গত মৌসুমে লিভারপুলের প্রিমিয়ার লিগ শিরোপা জয়ে নুনেজের অনবদ্য ভূমিকা থাকা সত্ত্বেও তাকে ধরে রাখতে পারলো না অল রেডসরা।

জানুয়ারিতে নুনেজের এ্যানফিল্ড ছাড়ার একটি গুঞ্জন ছিল। ওই সময়ই সৌদি লিগে তাকে নিয়ে বিশাল আগ্রহের কথা ট্রান্সফার



মার্কেটে প্রায়ই শোনা গেছে। এবারের গ্রীষ্মে আবারো লিভারপুল ছাড়ার ইচ্ছা প্রকাশ করেন নুনেজ। সৌদি আরবের ক্লাব আল হিলাল এবার তাকে ৫৩ মিলিয়ন ইউরোতে দলে নেবার জন্য রাজী হয়। ইতালিয়ান সিরি-এ ক্লাব নাপোলির পক্ষ থেকেও নুনেজকে নেবার ব্যাপারে আগ্রহ প্রকাশ করা হলে লিভারপুল সেই প্রস্তাব বাতিল করে দেয়।

লিভারপুল বিশ্বাস করে সিরি-এ চ্যাম্পিয়ন নুনেজের জন্য যথাযথ অর্থের প্রস্তাব দেয়নি।

নুনেজের চলে যাওয়া চূড়ান্ত হবার পর ট্রান্সফার মার্কেটে অন্য কোন এ্যাটাকিং খেলোয়াড়ের জন্য খোঁজ শুরু করে দিয়েছে লিভারপুল। প্রিমিয়ার লিগের চ্যাম্পিয়নরা ইতোমধ্যেই নিউক্যাসলের আলেক্সান্দার ইসকারের ব্যাপারে আলোচনা শুরু করেছে। এই মুহূর্তে নুনেজের যথার্থ বিকল্প হতে পারেন ইসাক।

ডারউইন নুনেজের মাধ্যমে এবারের গ্রীষ্মে ট্রান্সফার মার্কেটে লিভারপুল প্রায় ২০০ মিলিয়ন পাউন্ডের ল্যান্ডমার্ক স্পর্শ করতে যাচ্ছে। ইতোমধ্যেই তারা কাওমিজিন কেলেহার, ন্যাট ফিলিপস, জারেল কুয়ানশাহ, ট্রেন্ট আলেক্সান্দার-আর্নল্ড, লুইস দিয়াজ ও টেইলর মরটনকে ১৪৬.৫ মিলিয়ন পাউন্ডে ছেড়ে দিয়েছে।

## মাঝমাঠে শক্তি বাড়াতে সুইস মিডফিল্ডারকে দলে নিল এসি মিলান




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নতুন মৌসুমে শক্তিশালী স্কোয়াড গঠনে ব্যস্ত ইতালিয়ান জায়ান্ট এসি মিলান। সেই পরিকল্পনার অংশ হিসেবেই বেলজিয়ামের ক্লাব ব্রুজ থেকে সুইস মিডফিল্ডার আর্ডন ইয়াশাভিকে দলে টেনেছে সেরি আ'র ১৯ বারের চ্যাম্পিয়নরা।

বুধবার এক বিবৃতিতে পাঁচ বছরের চুক্তির খবরটি নিশ্চিত করেছে এসি মিলান। যদিও ট্রান্সফার ফি প্রকাশ করা হয়নি, তবে ইতালিয়ান গণমাধ্যমের দাবি, ২৩ বছর বয়সী এই ডিফেন্সিভ মিডফিল্ডারের জন্য ক্লাবটি খরচ করেছে প্রায় ৩৪ মিলিয়ন ইউরো।

গত জানুয়ারিতে ক্লাব ব্রুজে যোগ দেন ইয়াশাভি। এক মৌসুমেই নিজের সামর্থ্যের প্রমাণ রেখে গেছেন। সব প্রতিযোগিতা মিলিয়ে খেলেছেন ৫২টি ম্যাচ, গোল করেছেন ৪টি। শুধু তাই নয়, গত মৌসুমে ব্রুজকে চ্যাম্পিয়নস লিগের শেষ ষোলোয় তুলতে রেখেছেন গুরুত্বপূর্ণ ভূমিকা।

সুইজারল্যান্ড জাতীয় দলের হয়েও এখন পর্যন্ত ৪টি ম্যাচ খেলেছেন এই তরুণ মিডফিল্ডার। তার পজিশনাল বোধ ও বল দখলে রাখার ক্ষমতা মিলানের মাঝমাঠে বাড়াবে ভারসাম্য ও গভীরতা।

আগামী ২৩ আগস্ট সেরি আ'তে নিজেদের অভিযান শুরু করবে এসি মিলান, প্রতিপক্ষ দ্বিতীয় বিভাগ থেকে উঠে আসা ক্রেমোনেসে। গত মৌসুমে লিগে অষ্টম স্থানে থেকে চ্যাম্পিয়ন্স লিগে খেলা থেকে ছিটকে পড়েছিল ক্লাবটি।

## আগামী আইপিএলে খেলা নিয়ে ধোঁয়াশা রাখলেন ধোনি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) মহেন্দ্র সিং ধোনির ভবিষ্যৎ নিয়ে এখনো ধোঁয়াশা চলছে। গত মৌসুমে ঋতুরাজ গায়কোয়াড় চোট পাওয়ার পর আবারও চেন্নাই সুপার কিংসের অধিনায়কত্ব পান ধোনি। পুরো মৌসুমজুড়েই তার অবসরের গুঞ্জন ছিল আলোচনার কেন্দ্রবিন্দুতে। সেই মৌসুম শেষ হওয়ার কয়েক মাস পার হলেও ধোনি কিংবা ফ্র্যাঞ্চাইজির পক্ষ থেকে এ নিয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি।

সম্প্রতি এক অনুষ্ঠানে ধোনিকে আবারও চেন্নাইয়ে তার ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন করা হয়। সেখানে আবারও ধোঁয়াশা রাখেন ধোনি। চেন্নাইয়ের সঙ্গে তার সম্পর্ক দীর্ঘস্থায়ী হবে, এমনটা নিশ্চিত করেছেন তিনি। তবে খেলবেন কতদিন সেই উত্তর ছেড়ে দিলেন সময়ের ওপর।

ধোনি বলেন, আমি আগেও বলেছি যে, সিদ্ধান্ত নেওয়ার জন্য আমার হাতে এখনো সময় আছে। তবে যদি প্রশ্ন করেন আমি হলুদ জার্সিতে ফিরব কিনা, আমি সবসময় হলুদ জার্সিতে থাকব। খেলব কিনা সেটি আলাদা ব্যাপার।

তিনি বলেন, আমি আর চেন্নাই একসঙ্গেই থাকব। সামনের ১৫-২০ বছরও একসঙ্গে থাকব। যদিও আমি চাই না মানুষ ভাবুক আমি আরও ১৫-২০ বছর খেলব।

২০০৮ সালে প্রথম আইপিএল থেকেই চেন্নাইয়ের সঙ্গে আছেন ধোনি। তার নেতৃত্বে পাঁচবার শিরোপা জিতেছে ফ্র্যাঞ্চাইজিটি। অনুষ্ঠানে তিনি দলের সঙ্গে নিজের সম্পর্ক এবং চেন্নাই শহরের সঙ্গে তৈরি হওয়া বন্ধনের কথাও বলেন।

২০২৫ আইপিএলে অবশ্য হতাশার সময় পার করে চেন্নাই। পয়েন্ট তালিকার তলানিতে থেকে মৌসুম শেষ করে তারা। এ নিয়ে ধোনি বলেন, ভুল থেকে শিক্ষা নেওয়াই এখন সবচেয়ে জরুরি। গত কয়েক বছর আমাদের ভালো যায়নি। কিন্তু ব্যর্থতা থেকে কী শিখছি, সেটাই গুরুত্বপূর্ণ। কী ভুল হয়েছে, সেটি বুঝতে হবে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR